রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২১, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)

## আদেশ

ঢাকা, ৬ কার্তিক, ১৪০৪ বাংলা/২১ অক্টোবর, ১৯৯৭ ইংরেজী।

এস,আর, ও নং-২৪২-আইন/৯৭ইং/অম/অবি (বাস্তঃ)-১/জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭— Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর ধারা ৫-এ প্রদত্ত ক্ষমতা বলে সরকার, নিম্নরূপ আদেশ জারী করিল, যথা ঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।- (১) এই আদেশ চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩)-এর বিধান সাপেক্ষে, ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই আদেশের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত জাতীয় বেতন স্কেলসমূহ ১লা জুলাই, ১৯৯৭ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথা ঃ-

(ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বেতন নির্ধারণ করিয়া শুধুমাত্র বেতন বৃদ্ধি বাবদ মোট অংকের (জাতীয় বেতন স্কেল ১৯৯৭-তে নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য) শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং উক্ত মোট অংকের অবশিষ্ট শতকরা ৪০ ভাগ ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে প্রদেয় হইবে;



মূল্য ঃ টাকা ৪.০০

(খ) অর্থ বিভাগের ২৯শে ডিসেম্বর, ১৯৯৪ তারিখের স্মারক নং- অম/অবি(বাস্ত-১)/বিবিধ-১৭/৯৪/১৮০-তে উল্লিখিত বেতন বৃদ্ধিসহ চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক প্রদেয় সকল ভাতা (উৎসব ভাতা/বোনাসসহ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে এই আদেশের অধীনে, অনুচ্ছেদ ১৯-এ বর্ণিত টিফিন ভাতা ব্যতীত, অন্যান্য সকল ভাতা ও বোনাস সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যেরূপ নির্ধারণ করে, সেইরূপ হারে প্রদেয় হইবে।

(৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ব্যতীত প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা ঃ-

(ক) যে সকল বেসামরিক ব্যক্তিকে প্রতিরক্ষা প্রাক্কলন হইতে বেতন প্রদান করা হয় তাঁহারা ব্যতীত প্রতিরক্ষা সার্ভিসসমূহে নিয়োজিত ব্যক্তিগণ;

(খ) পুলিশ বাহিনী ও বাংলাদেশ রাইফেলস্-এ নিয়োজিত ব্যক্তিগণ ;

(গ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985)-এ সংজ্ঞায়িত "worker";

(ঘ) শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

(ঙ) চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

(ক) "বর্তমান বেতন স্কেল" অর্থ চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১- এর অধীন জাতীয় বেতন স্কেল;

(খ) "জাতীয় বেতন স্কেল, ১৯৯৭" অর্থ, এই আদেশের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

(গ) "মূল স্কেল", "সিলেকশন গ্রেড স্কেল", "সিনিয়র স্কেল" এবং "উচ্চতর স্কেল (টাইম-স্কেল)" অর্থ বর্তমান বেতন স্কেলে যথাক্রমে পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল)।

৩। **জাতীয় বেতন স্কেল, ১৯৯৭।**- (১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং উক্ত তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (corresponding scale) কার্যকর হইবে, যথা ঃ-

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ১৯৯১) | জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ (১লা জুলাই, ১৯৯৭ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১। | টাকা ১০০০০ (নির্ধারিত) | টাকা ১৫০০০ (নির্ধারিত) |
| ২। | টাকা ৮৬০০- ২২৫ ×৪-৯৫০০ | টাকা ১২৯০০- ৩৫০×৪-১৪৩০০ |
| ৩। | টাকা ৭৮০০- ২০০×৬-৯০০০ | টাকা ১১৭০০- ৩০০×৬-১৩৫০০ |
| ৪। | টাকা ৭১০০- ২০০×৮-৮৭০০ | টাকা ১০৭০০- ৩০০×৮-১৩১০০ |
| ৫। | টাকা ৬৩০০-১৭৫×১০-৮০৫০ | টাকা ৯৫০০-২৬০×১০- ১২১০০ |
| ৬। | টাকা ৪৮০০- ১৭৫×১৪-৭২৫০ | টাকা ৭২০০- ২৬০×১৪-১০৮৪০ |
| ৭। | টাকা ৪১০০- ১৫০×১৬-৬৫০০ | টাকা ৬১৫০- ২২৫×১৬- ৯৭৫০ |
| ৮। | টাকা ৩২০০- ১৪০×১৬-৫৪৪০ | টাকা ৪৮০০- ২১০×১৬-৮১৬০ |
| ৯। | টাকা ২৮৫০-১২৫×৭-৩৭২৫-ইবি-১৩০×১১-৫১৫৫ | টাকা ৪৩০০-১৮৫×৭-৫৫৯৫-ইবি-১৯৫×১১-৭৭৪০ |
| ১০। | টাকা ২৩০০-১১৫×৭-৩১০৫-ইবি-১২৫ ×১১-৪৪৮০ | টাকা ৩৪০০-১৭০×৭-৪৫৯০- ইবি-১৮৫×১১-৬৬২৫ |
| ১১। | টাকা ১৭২৫-১০৫×-২৪৬০-ইবি-১১৫ ×১১-৩৭২৫ | টাকা ২৫৫০-১৫৫×৭-৩৬৩৫-ইবি-১৭০×১১-৫৫০৫ |
| ১২। | টাকা ১৫৫০-১০০×৭-২২৫০-ইবি-১০৫×১১-৩৪০৫ | টাকা ২৩৭৫-১৫০×৭- ৩৪২৫-ইবি-১৫৫×১১-৫১৩০ |
| ১৩। | টাকা ১৪৭৫- ৯০×৭-২১০৫-ইবি-৯৫×১১-৩১৫০ | টাকা ২২৫০-১৩৫×৭-৩১৯৫- ইবি-১৪০×১১-৪৭৩৫ |
| ১৪। | টাকা ১৩৭৫-৮০×৭-১৯৩৫-ইবি- ৮৫×১১-২৮৭০ | টাকা ২১০০-১২০×৭-২৯৪০- ইবি-১২৫×১১-৪৩১৫ |
| ১৫। | টাকা ১৩০০- ৭০×৭-১৭৯০-ইবি-৭৫×১১-২৬১৫ | টাকা ১৯৭৫-১০৫×৭-২৭১০-ইবি- ১১০×১১-৩৯২০ |
| ১৬। | টাকা ১২০০-৬০×৭-১৬২০-ইবি-৬৫×১১-২৩৩৫ | টাকা ১৮৭৫- ৯০×৭- ২৫০৫-ইবি-১০০×১১-৩৬০৫ |
| ১৭। | টাকা ১১২৫-৫৫×৭-১৫১০- ইবি- ৬০×১১- ২১৭০ | টাকা ১৭৫০- ৮০×৭-২৩১০- ইবি-৯০×১১-৩৩০০ |
| ১৮। | টাকা ১০৫০- ৪৫×৭-১৩৬৫-ইবি-৫০×১১-১৯১৫ | টাকা ১৬২৫-৬৫×৭-২০৮০-ইবি-৭৫×১১-২৯০৫ |
| ১৯। | টাকা ৯৭৫-৪০×৭-১২৫৫-ইবি-৪৫×১১-১৭৫০ | টাকা ১৫৬০-৬০×৭-১৯৮০-ইবি-৬৫×১১-২৬৯৫ |
| ২০। | টাকা ৯০০- ৩৫×১৮-১৫৩০ | টাকা ১৫০০- ৫০×১-২৪০০ |

(২) বর্তমানে যে সকল পদের বেতন টাকা ১০,৫০০ (নির্ধারিত) রহিয়াছে, সেই সকল পদের বেতন ১লা জুলাই,১৯৯৭ তারিখে টাকা ১৫,৭৫০ (নির্ধারিত) হইবে।

৪। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রাপ্যতা।- ৩০শে জুন, ১৯৯৭ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তিনি ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে অনুচ্ছেদ ৩-এ বর্ণিত তাঁহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রাপ্য হইবেনঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ অনুযায়ী যাঁহারা ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা তাঁহাদিগকে প্রদান করা হয় নাই, তাঁহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ ৬-এর বিধান ও শর্ত সাপেক্ষে উহা ভূতাপেক্ষভাবে প্রাপ্য হইবেন।

৫। বর্তমান বেতনের সংজ্ঞা।- এই আদেশের উদ্দেশ্যে "বর্তমান বেতন" বলিতে বুঝাইবে-

(ক) ১৯৯৭ সনের ৩০শে জুন তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন;

তৎসহ

(খ) সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশাবলী অনুসারে কোন পদের বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ও ব্যক্তিগত ভাতা (যদি থাকে)।

৬। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ।- (১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল (টাইম-স্কেল) পাইতেছিলেন, তাঁহার বেতন স্বীয় বর্তমান বেতন স্কেলের অনুরূপ (corresponding scale) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে অনুচ্ছেদ ৪-এর শর্তাধীনে এবং নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা ঃ-

(ক) (অ) যদি তাঁহার "বর্তমান বেতন" সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের কম হয় তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(আ) যদি তাঁহার "বর্তমান বেতন" সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেলে তাঁহার বর্তমান বেতনের সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে;

(ই) যদি তাঁহার বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করতঃ বর্তমান বেতন এবং সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাঁহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে এবং উক্ত পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলীযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯৭ পর্যন্ত তাঁহার পূর্বেকার মোট চাকুরীকাল গণনাপূর্বক তাঁহাকে নিম্নের দফা (খ) অনুসারে প্রাপ্য বেতন বৃদ্ধি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সর্বোচ্চ বেতন বৃদ্ধির হারে প্রদান করা হইবে এবং উহা তাঁহার ব্যক্তিগত বেতনের সহিত যুক্ত হইবে;

(খ) একই পদে অথবা সমপর্যায়ের পরস্পর বদলীযোগ্য কোন পদে ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত মোট চাকুরীকালের জন্য দফা (ক) তে নির্ণয়কৃত বেতনের সহিত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নিম্নরূপ বেতন বৃদ্ধির অংক যোগ করিতে হইবে, তবে যে সকল ব্যক্তির বেতন টাকা ১৫,৭৫০ (নির্ধারিত) এবং যাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ১৫০০০ (নির্ধারিত) বেতন স্কেলের পদে নিয়োজিত আছেন, তাঁহাদের ক্ষেত্রে দফা (খ) প্রযোজ্য হইবে না, যথা ঃ-

(অ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩ বৎসরের কম মেয়াদের উক্তরূপ চাকুরীর জন্য ১টি বেতন বৃদ্ধি;

(আ) ৩০শে জুন, ১৯৯৭ তারিখে উক্তরূপ চাকুরীর প্রতি ৩ বৎসরের জন্য একটি বেতন বৃদ্ধি এবং ৩ বৎসরের অধিক চাকুরীকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ বৎসরের চাকুরীকালের যে কোন গুণিতকের জন্য ১টি বেতন বৃদ্ধি ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ বেতন বৃদ্ধির সর্বোচ্চ সংখ্যা যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে ৩টির অধিক হইবে না এবং যে সকল ব্যক্তি উচ্চতর স্কেল (টাইম-স্কেল)-এর সুবিধা গ্রহণ করিয়াছেন তাঁহাদের ক্ষেত্রে ২টির অধিক হইবে না।

(২) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) যাঁহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাঁহাদের বেতন পদোন্নতি প্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, পদোন্নতি প্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে এই আদেশের অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ হিসাবে যে অংক প্রদেয় হয়, তাহা ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অংকের সংগে যুক্ত করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১লা জুলাই, ১৯৯৮ হইতে পদোন্নতি প্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

<u>উদাহরণ</u> ঃ

যে ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর টাকা ২৮৫০-৫১৫৫/- স্কেলের আওতাভুক্ত কোন কর্মকর্তা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে ৩৭২৫ টাকা মূল বেতন পাইতেন, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদে বর্ণিত বেতন নির্ধারণ পদ্ধতি অনুযায়ী তাঁহার বেতন ১লা জুলাই, ১৯৯৭ তারিখে টাকা ৪৩০০-৭৭৪০ বেতন স্কেলে ৪৮৫৫ টাকায় নির্ধারিত হইবে (৪৩০০+৭বৎসর চাকুরী পুর্তির জন্য ১৮৫ টাকা হারে ৩টি ইনক্রিমেন্ট বাবদ ৫৫৫ টাকা)। এই ক্ষেত্রে ১লা জুলাই, ১৯৯৭ তারিখে নির্ধারিত বেতন এবং

বর্তমান বেতনের পার্থক্যের শতকরা ৬০ ভাগ অর্থাৎ ৬৭৮ টাকা {(৪৮৫৫-৩৭২৫) × ৬০%} বর্তমান বেতনের সহিত যোগ করিয়া তাঁহাকে ৪৪০৩ টাকা (৩৭২৫+৬৭৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে প্রদেয় হইবে। তিনি যদি ১লা সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ৭২০০-১০৮৪০ স্কেলে পদোন্নতি প্রাপ্ত হন, তাহা হইলে ঐ তারিখে তাঁহার বেতন ৭২০০ টাকায় নির্ধারিত হইবে। তবে তিনি পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য বেতন ও পদোন্নতি প্রাপ্ত পদে নির্ধারিত বেতনের পার্থক্যের অর্থাৎ ২৭৯৭ টাকার (৭২০০ টাকা -৪৪০৩ টাকা) শতকরা ৬০ ভাগ হিসাবে ১৬৭৮.২০ টাকা তাঁহার পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বে আহরিত বা প্রাপ্য অংকের সহিত যোগ করিয়া নির্ধারিত অংক অর্থাৎ ৬০৮১.২০ টাকা (৪৪০৩+১৬৭৮.২০ টাকা) ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৮ তারিখ হইতে তিনি পদোন্নতি প্রাপ্ত পদের বেতনের পূর্ণ সুবিধা প্রাপ্য হইবেন।

(৩) ৩০শে জুন, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাহারা ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যবর্তীকালে (উভয় দিনসহ) উচ্চতর স্কেল (টাইম-স্কেল) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন, তাঁহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে।

(৪) যে ব্যক্তি প্রেষণে কর্মরত আছেন, প্রেষণে কর্মরত না থাকিলে তাঁহার মূল অফিস অথবা সংগঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

(৫) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাঁহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাঁহার বর্তমান বেতন যাহা হইত, সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে। কিন্তু জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে তাঁহার বেতন নির্ধারণের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাঁহার ছুটিকালীন সময়ের জন্য প্রাপ্য হইবেন না।

(৬) যে ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখে সাময়িকভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পূনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারণ করা হইবে না। এইরূপ পূনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারণ করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাঁহার বেতন জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে।

(৭) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যে ব্যক্তি অবসর প্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারণ করা হইবে। এইরূপ ক্ষেত্রে অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে যদি তাহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে। তবে তিনি অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন।

(৮) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে যাহারা অবসর গ্রহণ করিবেন তাহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর পূর্ণ সুবিধা প্রদেয় হইবে এবং বিধি মোতাবেক প্রাপ্য সম্পূর্ণ টাকা পরিশোধ করা হইবে।

৭। <u>সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল ও ব্যক্তিগত স্কেলের ধারাবাহিকতা</u>।- বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তিগত স্কেল, যে নামেই অভিহিত হউক না কেন, ১লা জুলাই, ১৯৯৭ তারিখে উহা বিদ্যমান শর্তাধীনে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বহাল থাকিবে।

৮। জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) এর প্রাপ্যতা।- (১) যে সকল নন-গেজেটেড কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ১৫০০-২৪০০ হইতে টাকা ৩৪০০-৬৬২৫ বেতন স্কেলের আওতাভুক্ত, তাঁহাদেরকে একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলীযোগ্য পদে ৮, ১২, ও ১৫ বৎসর চাকুরীকাল পূর্তির পর এবং তাঁহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও

এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রদেয় হইবে ঃ

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতিরেকে কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকুরী জীবনে ৩টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

(২) দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাগণ, তাঁহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর এবং তাঁহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, পরবর্তী উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে, কোন ব্যক্তি একই পদে সমগ্র চাকুরী জীবনে ২টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না।

(৩) প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর ও তাঁহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদ্‌সংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁহাদের পদের বেতন স্কেলের পরবর্তী উচ্চতর স্কেল, উচ্চতর স্কেল (টাইম- স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকুরী জীবনে তাঁহারা ১টির অধিক উচ্চতর স্কেল (টাইম-স্কেল) প্রাপ্য হইবেন না। এইরূপ উচ্চতর স্কেল (টাইম-স্কেল) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ৪র্থ স্কেলের (টাকা ১০,৭০০-১৩,১০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না ঃ

তবে শর্ত থাকে যে, প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ, যাহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর বেতন স্কেল টাকা ৪৩০০-৭৭৪০, টাকা ৪৮০০-৮১৬০ এবং ৬১৫০-৯৭৫০-এর অন্তর্ভুক্ত, স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার ১ বৎসর পর জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৭২০০-১০৮৪০, উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন, এবং টাকা ৪৮০০-৮১৬০ টাকা এবং টাকা ৬১৫০-৯৭৫০ বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ পদোন্নতি প্রাপ্ত না হইলে, যেই তারিখে টাকা ৪৩০০-৭৭৪০ অথবা টাকা ৪৮০০-৮১৬০ এর বা, পদোন্নতিপ্রাপ্ত পদের স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছিতেন, যাহাই পূর্বে ঘটে, সেই তারিখের ১ বৎসর পর উচ্চতর স্কেল (টাইম-স্কেল) টাকা ৭২০০-১০৮৪০ প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা।- এই উপ-অনুচ্ছেদের শর্তাংশে বর্ণিত বেতন স্কেল সমূহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর অধীনে প্রথম শ্রেণীর অন্যান্য স্কেলের কর্মকর্তাগণকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে।

৯। বেতন নির্ধারণের পর বেতন বৃদ্ধি।- (১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর যেই স্তরে 'ইবি' বলিয়া উল্লিখিত দক্ষতাসীমা দেখানো হইয়াছে, সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরী অথবা আহরণের জন্য উক্তরূপ বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৬-এর বিধান অনুযায়ী বেতন নির্ধারনের পর বর্তমান বেতন স্কেল, ১৯৯১- তে বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগ প্রাপ্ত হইয়াছেন সেই সকল ব্যক্তি পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে ১ বৎসর চাকুরীকাল পূর্তিতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন।

(২) যে সকল ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১লা জুলাই, ১৯৯৭ তারিখেই পড়ে, সেই সকল ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বেতন নির্ধারণ করিয়া সেই তারিখেই বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

(৩) যে সকল ব্যক্তি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১০ হইতে ২০নং স্কেল (টাকা ৩৪০০-৬৬২৫ হইতে টাকা ১৫০০-২৪০০)-এর আওতাভুক্ত এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখে যাঁহাদের বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট স্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারিত হইয়াছে এবং যাঁহাদের বেতন ঐ স্তরে আবদ্ধ (stuck-up) হইয়া থাকিবে, তাঁহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলে বার্ষিক বেতন বৃদ্ধির সর্বোচ্চ হারে প্রতি ২ বৎসর অন্তর ১টি করিয়া বার্ষিক বেতন বৃদ্ধি ব্যক্তিগত বেতন হিসাবে প্রাপ্য হইবেন এবং ঐ সকল ব্যক্তিগত বেতন অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এর বিধান অনুযায়ী প্রাপ্য ব্যক্তিগত বেতনের সংগে সংযোজিত হইবে।

(৪) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ অনুসারে যাঁহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাঁহাদিগকে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির (ইনক্রিমেন্ট-এর) পূর্ণ সুবিধা প্রদেয় হইবে।

১০। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।- (১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে অথবা উহার পরে নিয়োগ প্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলী বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত স্কেলে ন্যূনতম বেতন এই অনুচ্ছেদের (৩) উপ-অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর টাকা ৪৩০০-৭৭৪০ বা তদূর্ধ স্কেলের হয় তাহা হইলে-

(ক) একজন এম,বি,বি,এস ডিগ্রীধারী বা ব্যাচেলার অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সম পর্যায়ের ডিগ্রীধারীকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্যবিদ্যায় ডিগ্রী বা মাষ্টার্স ডিগ্রী ছাড়াও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান (ইনষ্টিটিউট) হইতে ফিজিক্যাল প্লানিং-এও ডিগ্রী রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(গ) সহকারী জজ পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ১টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি সহকারী জজ পদে নিয়োগ লাভের পূর্বে তিনি আইনজীবী হিসাবে বাংলাদেশ বার কাউন্সিল হইতে সনদ প্রাপ্ত হইয়া কোন 'বার'-এ তালিকাভুক্ত হইয়া থাকেন;

(ঘ) কোন ব্যক্তি Lawyer Magistrate হিসাবে নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স ত্রিশ বৎসরের কম না হয় এবং একজন আইনজীবী হিসাবে তাঁহার তিন বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি নিয়োগের লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন; নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স একত্রিশ বৎসরের নীচে না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার চার বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ২টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন; নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স বত্রিশ বৎসরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার বয়স বত্রিশ বৎসরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার পাঁচ বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকে,

তাহা হইলে তিনি ৩টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন এবং নিয়োগ লাভের সময় যদি তাঁহার বয়স তেত্রিশ বৎসরের কম না হয় এবং যদি আইনজীবী হিসাবে তাঁহার ছয় বৎসর বা ততোধিক সময়ের পেশাগত অভিজ্ঞতা থাকে, তাহা হইলে তিনি ৪টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন;

(ঙ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১টি অগ্রিম বেতন বৃদ্ধি পাইবেন।

(২) তদানীন্তন Education Department Memorandum Nos. SIV/830-Edn., dated 18th July, 1970, SIV/831-Edn., dated 18th July, 1970, 832-Edn., dated 17th July, 1970 এবং 833-Edn, dated 17th July, 1970 অনুযায়ী উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, যাহা অগ্রিম বেতন বৃদ্ধি মঞ্জুরীর সহিত সম্পর্কযুক্ত, Ministry of Finance O.M. No. MF(ID)-1-3/77/522, dated 13th May, 1978, MF(ID)-II-/P-I/81/457, dated 16th April, 1981 এবং MF(ID)-II/81/800, dated 29th June, 1981- তে আরোপিত শর্তসমূহ, যাহা বেতন বৃদ্ধি মঞ্জুরীর সহিত সম্পর্কযুক্ত, এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২শে জানুয়ারী, ১৯৯৪ ইং তারিখের স্মারক নং- পার-৩/টি-৩/৯৩/৬১-তে, যাহা বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রবেশ পদের কর্মকর্তাদের উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান সম্পর্কিত, বলবৎ থাকিবে।

(৩) ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারণ করিতে হইবে। অতঃপর উক্ত নির্ধারিত বেতন এবং ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রথম নিয়োগপ্রাপ্ত হইলে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর সংশ্লিষ্ট স্কেলে তাঁহার যে বেতন নির্ধারিত হইত (১৯৯৫ সনে প্রদত্ত ১০% বেতন বৃদ্ধিসহ) উহার পার্থক্যের শতকরা ৬০ ভাগ ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৮

হইতে নুতন জাতীয় বেতন স্কেলে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধা তিনি প্রাপ্য হইবেন। উৎসব ভাতাসহ অন্যান্য ভাতাদি ৩০শে জুন, ১৯৯৭ তারিখে প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চাকুরীতে প্রথম নিয়োগের ক্ষেত্রে সকল নিয়োগ পত্রে এই মর্মে উল্লেখ করিতে হইবে যে চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭-এর এই উপ-অনুচ্ছেদ-এর বিধান মোতাবেক নিয়োগকৃত পদের বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

১১। <u>পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী</u>।- (১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাঁহাকে নিম্নের সারণীতে উল্লিখিত চাকুরীর মেয়াদ পূর্ণ করিতে হইবে ঃ

## সারণী

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকুরীর মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ১৫,০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১২,৯০০-১৪,৩০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১১,৭০০-১৩,৫০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১০,৭০০-১৩,১০০ | ১২ বৎসর |
| ৫। | টাকা ৯,৫০০-১২,১০০ | ১০ বৎসর |
| ৬। | টাকা ৭,২০০-১০,৮৪০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৬,১৫০-৯,৭৫০ | ৪ বৎসর |

ব্যাখ্যা।- এই উপ-অনুচ্ছেদে বর্ণিত চাকুরীর মেয়াদ বলিতে বুঝাইবে-

(ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকুরীর প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১লা জুলাই, ১৯৭৩ এবং ৩০শে জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেল ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১লা জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০-১৪৭০ বা তদুর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১লা

জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত স্কেল টাকা ১৬৫০-৩০২০ বা তদুর্ধ্ব স্কেলে ছিল এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৮৫০-৫১৫৫ বা তদুর্ধ্ব স্কেলভুক্ত ছিল, এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে ৪৩০০-৭৭৪০ বা তদুর্ধ্ব স্কেলভুক্ত, সেই সকল পদের যে কোন এক বা একাধিক পদে চাকুরীর প্রকৃত সময়কাল।

তৎসহ

(খ) যে সকল পদ ৩০শে জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১লা জুলাই, ১৯৭৩ হইতে ৩০শে জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১লা জুলাই, ১৯৭৭ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫-১৩১৫, টাকা ৪৭০-১১৩৫ বা টাকা ৪২৫-১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১লা জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০-২৭৫০, টাকা ১০০০-২২৮০ বা টাকা ৯০০-২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১লা জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে টাকা ২৩০০-৪৪৮০/- বা টাকা ১৭২৫-৩৭২৫/- বা টাকা ১৫৫০-৩৪০৫ স্কেলভুক্ত ছিল, এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে টাকা ৩৪০০-৬৬২৫ বা টাকা ২৫৫০-৫৫০৫ বা টাকা ২৩৭৫-৫১৩০ স্কেলভুক্ত, সেই সকল এক বা একাধিক পদের চাকুরীর প্রকৃত সময়ের অর্ধকাল।

তৎসহ

(গ) অন্যান্য প্রকৃত চাকুরীর এক-চতুর্থাংশ।

(২) প্রয়োজনীয় চাকুরীর সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণয়কৃত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমান উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না ঃ

আরও শর্ত থাকে যে, ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখ পর্যন্ত যাঁহারা পদোন্নতি পাইবেন, তাঁহারা উক্ত সময়ে বেতন বৃদ্ধি বাবদ যে অংক অর্থাৎ শতকরা ৬০ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকুরীর সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাঁহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে।

১২। ভাতাদির প্রাপ্যতা।- (১) চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর ১২ অনুচ্ছেদে যেই সকল ভাতা বহাল রাখা হইয়াছে, এবং ১লা জুলাই, ১৯৯১ হইতে ৩০শে জুন, ১৯৯৭ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের পরেও ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকেই ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত প্রদেয় হইবে।

(২) অনুচ্ছেদ ৬(১)(ক)(ই)-এ উল্লিখিত ব্যাক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে।

১৩। আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণের (Nurses) জন্য ভাতাদি।- (১) চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭-এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী আনসার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও সেবিকাগণ (Nurses) যেই সকল ভাতা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরণ করিয়াছেন, সেই সকল ভাতা তাঁহারা একইরূপ শর্তে এবং ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

(২) পুলিশ বিভাগের যেই সকল ব্যক্তি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগে প্রেষণে নিয়োজিত রহিয়াছেন বা থাকিবেন, তাঁহারা পুলিশ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য এতদ্‌সংক্রান্ত আদেশ অনুযায়ী বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

১৪। চিকিৎসা ভাতা।- (১) সকল কর্মকর্তা ও কর্মচারী ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

(২) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

১৫। বাড়ী ভাড়া ভাতা।- (১) সকল কর্মকর্তা ও কর্মচারী চাকুরী (বেতন ও ভাতাদি), আদেশ, ১৯৯১-এর বিধান মোতাবেক ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা পাইবেন।

(২) যে সকল ব্যক্তি সরকারী বাসস্থানে বসবাস করিতেছেন, তাঁহারা উপ-অনুচ্ছেদ (১)-এ উল্লিখিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না।

(৩) যে সকল ব্যক্তি সরকারী বাসস্থানে বসবাস করেন, তাঁহাদের মাসিক বেতন বিল হইতে ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত নিম্নলিখিত হারে মাসিক বাড়ী ভাড়া কর্তন পূর্বক সরকারকে প্রদান করিতে হইবে, যথা ঃ-

(ক) যদি তিনি ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে বিশেষ বেতন টাকা ১৫,৭৫০ (নির্ধারিত) এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১নং হইতে ১২নং স্কেল [টাকা ১৫,০০০ (নির্ধারিত) হইতে টাকা ২৩৭৫-৫১৩০]-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১-এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫%;

(খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১৩নং হইতে ১৭নং স্কেল ( টাকা ২২৫০-৪৭৩৫ হইতে টাকা ১৭৫০-৩৩০০) -এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ ১-এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%।

(গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১৮নং হইতে ২০নং স্কেল (টাকা ১৬২৫-২৯০৫ হইতে টাকা ১৫০০-২৪০০)-এর আওতাভুক্ত হন, তাঁহার ক্ষেত্রে সরকারকে কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, যে ব্যক্তি সরকারী বিধি অনুযায়ী, ভাড়া বিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাঁহাকে সরকার কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন ভাড়া প্রদান করিতে হইবে না ঃ

আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি সরকারী বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ী পাইবার অধিকারী, তদপেক্ষা উচ্চতর শ্রেণী কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ী তাঁহাকে বরাদ্দ করা হইলে তাঁহাকে উচ্চতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ী বরাদ্দ

পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্দ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে।

(৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারী বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানের চাকুরীজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারী বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাহার নামে বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহার বেতন বিল হইতে বাড়ী ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী বাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।

(৫) যে ব্যক্তির নিজ নামে অথবা তাঁহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ী আছে, তাঁহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাসস্থান বরাদ্দ সম্পর্কে জারিকৃত আদেশ বলবৎ থাকিবে।

ব্যাখ্যা।- যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোষ্টেল, রেষ্ট হাউস, সার্কিট হাউস, ডর্মিটরী বা ডাকবাংলা কিংবা প্রয়োজনের তাগিদে বাসস্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারের বাসস্থান নহে (improvised accommodation), (যেমন গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ির বগি, কোন ষ্টীমার বা লঞ্চের বাংকে বাসস্থানের সংস্থান) এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্দ এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসাবে গণ্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট ব্যক্তি বাড়ী ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন; তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা improvised accommodation- এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাঁহাকে তাহা প্রদান করিতে হইবে।

১৬। <u>বাড়ী ভাড়া সিলিং (Ceiling)</u>।- (১) চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১-এর অনুচ্ছেদ ১৬-তে উল্লিখিত বাড়ী বাড়া সিলিং সংক্রান্ত আদেশাবলী প্রযোজ্য ক্ষেত্রে বলবৎ থাকিবে।

১৭। যাতায়াত ভাতা।- (১) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-এর ১১ নং হইতে ২০নং স্কেলের (টাকা ২৫৫০-৫৫০৫ হইতে টাকা ১৫০০-২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী বা খুলনায় অবস্থিত হইলে তিনি ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন।

(২) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে উচ্চতর স্কেল (টাইম-স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০-৬৬২৫ অথবা টাকা ৪৩০০-৭৭৪০ অথবা টাকা ৪৮০০-৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত উপ-অনুচ্ছেদ (১)-এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

(৩) যে সকল ব্যক্তি সরকারী আদেশ অনুযায়ী নির্ধারিত অংকের অর্থ প্রদান করতঃ সার্বক্ষণিক গাড়ী ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী, সেই সকল ব্যক্তির ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একইভাবে বলবৎ থাকিবে।

১৮। উৎসব ভাতা এবং শ্রান্তি বিনোদন ভাতা।- সরকারী আদেশ নং অম/অবি(বাস্ত)-৪/একবি-১২/৮৬/২৯, তারিখ ৩রা জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 -এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। তবে এই সকল ভাতা ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে।

১৯। টিফিন ভাতা।- ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে মাসিক ১০০ টাকা হারে টিফিন ভাতা শুধু নন-গেজেটেড বেসামরিক কর্মচারীগণ প্রাপ্য হইবেন। তবে ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখ পর্যন্ত প্রাপ্য বকেয়া টিফিন ভাতা সঞ্চয়পত্রের মাধ্যমে প্রদান করা হইবে। যে সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না।

২০। বেতন প্রদান পদ্ধতি।- (১) স্ব-আহরণকারী (Self Drawing) কর্মকর্তা এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে তাঁহার বেতন নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার নিকট বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। নিরীক্ষা কর্মকর্তা বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পরীক্ষা ও প্রতিপাদন

করতঃ যথাশীঘ্র সম্ভব বেতন পত্র জারী করিবেন। বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদনে বিলম্ব ঘটিলে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে, তবে এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন প্রদান করা হইয়াথাকিলে তাহা ফেরৎযোগ্য হইবে এই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বেতন বিলের সংগে একটি অংগীকারপত্র পেশ করিতে হইবে।

(২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন (Drawing and Disbursing) কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারণ করতঃ বেতন বিলের সহিত বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী পাঠাইবেন। সংশ্লিষ্ট সকল নিরীক্ষা ও হিসাব কার্যালয় যথাশীঘ্র সম্ভব বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণীসমূহ পরীক্ষা ও প্রতিপাদন করিবেন এবং যদি বেতন নির্ধারণ সম্পর্কিত কোন আপত্তি থাকে, তবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সহিত পরামর্শক্রমে নিস্পত্তি করিবেন।

(৩) এই আদেশ জারীর তারিখ হইতে ১ বৎসরের মধ্যে যাহাদের বার্ধক্যজনিত (Superannuation) অবসর গ্রহণের সম্ভাবনা রহিয়াছে তাহাদের ক্ষেত্র ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে, হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রতিপাদন সাপেক্ষে, জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে নির্ধারিত বেতন সাময়িকভাবে প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধানগণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অর্পণ করা হইল। উক্তরূপ অবসর গ্রহনকারীগণের ক্ষেত্রে হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণের বিবরণী প্রতিপাদনের পরেই বেতন প্রদান করা যাইবে।

(৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে বার্ষিক বেতন বৃদ্ধি কেবল হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক বেতন নির্ধারণ প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে।

(৫) আহরিত অতিরিক্ত বেতন ফেরৎ প্রদানের নিমিত্তে লিখিত অংগীকারপত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িকভাবে বেতন পরিশোধ করা যাইবে। আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ এই সকল অংগীকার পত্র তাঁহাদের দপ্তরে যথারীতি রেকর্ডভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অংগীকারপত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়ন পত্র পৃষ্ঠাংকন করিবেন।

(৬) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৭ তারিখ পর্যন্ত জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে প্রাপ্য বকেয়া বেতন সকল শ্রেণীর সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের সঞ্চয় পত্রের মাধ্যমে প্রদান করা হইবে, যা প্রচলিত নিয়ম অনুযায়ী যখন খুশী ভাঙ্গানো যাইবে। সঞ্চয় পত্রের মাধ্যমে বকেয়া বেতন পরিশোধ সম্পর্কে স্বতন্ত্রভাবে বিস্তারিত পরিপত্র জারি করা হইবে।

২১। আয়কর।- এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর সরকার কর্তৃক পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২২। রহিতকরণ ও হেফাজত।- (১) চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লেখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ-সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্রসমূহ এই আদেশের অধীন ভাতাদি ও সুযোগ-সুবিধাদির উদ্দেশ্যে বিধানাবলীর সহিত সংগতি সাপেক্ষে, বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান
অর্থ সচিব

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ সিকান্দার আলী মন্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।